

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৮.১৮.৬৫২

তারিখ: ৮ মাঘ ১৪২৫

২১ জানুয়ারি ২০১৯

বিষয়: গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন গাইবান্ধা সিদ্দিকিয়া ফায়িল মাদরাসার গ্রন্থাগারিক জনাব মো: রেজাউল ইসলাম খন্দকার (ইনডেক্স নং ৬৮৩৭১২) এর বেতন-ভাতাদির সরকারি অংশ বিধি মোতাবেক ০৯ (নয়) কোডে প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) গাইবান্ধা সিদ্দিকিয়া ফায়িল মাদরাসার স্মারক নং- গা.সি.মা-১(১৩) তারিখ: ০৯.১২.২০১৭ খ্রি:।

(২) উপ পরিচালক, মাউশি, রংপুর অঞ্চল এর স্মারক নং-৩৭.০২.৮৫০০.০০০.০৮.০০৪.১৮
তারিখ: ১৮.০৯.২০১৮ খ্রি:।

(৩) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৮.১৮.৫০৬ তারিখ: ০৪.১০.২০১৮ খ্রি:।

(৪) গাইবান্ধা সিদ্দিকিয়া ফায়িল মাদরাসার স্মারক নং- গা.সি.ফা.মা/১৬০(২)১৮ তারিখ: ০৭.১০.২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, অধ্যক্ষ, গাইবান্ধা সিদ্দিকিয়া ফায়িল মাদরাসা কর্তৃক তাঁর মাদরাসার গ্রন্থাগারিক জনাব মো: রেজাউল ইসলাম খন্দকার (ইনডেক্স নং ৬৮৩৭১২) এর বেতন কোড সংশোধন বিষয়ক একটি আবেদন সূত্রস্থ ১ নং স্মারকে উপ পরিচালক, মাউশি, রংপুর অঞ্চল বরাবর প্রেরণ করা হয়।
০২. অধ্যক্ষ, গাইবান্ধা সিদ্দিকিয়া ফায়িল মাদরাসা এর আবেদনটি উপ পরিচালক, মাউশি, রংপুর অঞ্চল কর্তৃক এ অধিদপ্তরে অগ্রায়ন করা হয়।

০৩. উপ পরিচালক, মাউশি, রংপুর অঞ্চল এর মাধ্যমে প্রেরিত অধ্যক্ষের আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনান্তে আবেদনটি নিষ্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য চেয়ে সূত্রস্থ ৩ নং স্মারকে অধ্যক্ষ বরাবর একটি পত্র প্রেরণ করা হয়।

০৪. অত্র অধিদপ্তরের প্রেরিত পত্রের প্রেক্ষিতে অধ্যক্ষ, গাইবান্ধা সিদ্দিকিয়া ফায়িল মাদরাসা কর্তৃক সূত্রস্থ ৪ নং স্মারকে একটি জবাবী পত্র এ অধিদপ্তরে প্রেরণ করা হয়।

০৫. অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন, তাঁর জবাবী পত্র ও পত্রের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোঃ রেজাউল ইসলাম বর্ণিত মাদ্রাসার গ্রন্থাগারিক পদে ১৫.০১.১৯৮৭ খ্রি: সালে যোগদান করেন। তিনি জুন, ১৯৮৭ সালে ০৯ (নয়) কোডে (বর্তমানে ১১ কোড যা সহকারী শিক্ষকগণের গ্রেড সমতুল্য) প্রথম এমপিও ভুক্ত হন।

০৬. জনাব মোঃ রেজাউল ইসলাম খন্দকার ১৯৮৭ খ্রি: হতে অক্টোবর/১৯৯৫ খ্রি: পর্যন্ত ৯ কোডে (বর্তমানে ১১ কোড যা সহকারী শিক্ষকগণের গ্রেড সমতুল্য) বেতন পেয়েছেন। নভেম্বর/১৯৯৫ খ্রি: মাসের এমপিও শিটে তাঁর (জনাব মোঃ রেজাউল ইসলাম খন্দকার) বেতন কোড ১০ পরিলক্ষিত হয় এবং এ সকল এমপিও শিটে গ্রন্থাগারিক/Lib পদের বিপরীতে জনাব মোঃ রেজাউল ইসলাম খন্দকার এর নাম উল্লেখ আছে এবং ইনডেক্স নম্বর ৬৮৩৭১২ উল্লেখ আছে। অর্থাৎ ১৯৯৫ সালে তিনি সিলেকশন গ্রেড পেয়ে ০৯ কোড (১১ কোড) হতে ১০ কোডে বেতন-ভাতা প্রাপ্য হন যা জানুয়ারী/২০০৫ খ্রি: পর্যন্ত অব্যহত থাকে।

০৭. পরবর্তীতে ভুল জন্ম তারিখের কারণে জানুয়ারী/২০০৫ খ্রি: হতে তাঁর (জনাব মোঃ রেজাউল ইসলাম খন্দকার) নাম এমপিও কপি হতে কর্তন হয়ে যায়। ভুল জন্ম তারিখ সংশোধন পূর্বক ফেব্রুয়ারী/২০০৬ খ্রি: পূণরায় এমপিও তে তাঁর নাম অর্ন্তভুক্ত হয় মর্মে আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে। উল্লেখ্য যে, ফেব্রুয়ারী, ২০০৬ মাসে এমপিও কপিতে বেতন কোড ১১ পরিলক্ষিত হয় যা এমপিও শিটে ভুলবশত মুদ্রিত হয় মর্মে প্রতীয়মান হয়। কারণ, জনাব মোঃ রেজাউল ইসলাম খন্দকার ১৯৯৫-২০০৫ দীর্ঘ প্রায় ১০ (দশ) বছর ধরে ১০ কোডে বেতন-ভাতা প্রাপ্ত হন এবং দশ বছর পর হঠাৎ ১০ কোড হতে ১১ কোডে জনাব মোঃ রেজাউল ইসলাম খন্দকার এর পদাবনত বা নিম্ন কোডে বেতন প্রাপ্তির কোন কারণ (Ground) খুঁজে পাওয়া যায়নি।

০৯. উল্লেখ্য যে, সর্বশেষ জনবল কাঠামো (১৯ জুলাই, ২০১৮ সালে প্রণীত) এর ১১.৫ অনুচ্ছেদে উল্লিখিত

হয়েছে-

“ শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীগণ তাঁদের এমপিও ভুক্তির তারিখ হতে ১০ (দশ) বছর সন্তোষজনক চাকুরী পূর্ণ হলে পরবর্তী উচ্চতর বেতন গ্রেড প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ (ছয়) বছর পর একইভাবে পরবর্তী উচ্চতর গ্রেড/টাইম স্কেল প্রাপ্য হবেন। তবে উল্লিখিত স্কেল প্রাপ্তির ক্ষেত্রে একই স্কেলে যথাক্রমে ১০ বছর ও ৬ বছর চাকুরী পূর্ণ হতে হবে। সমগ্র চাকুরী জীবনে দু’টির বেশি উচ্চতর গ্রেড/ টাইম স্কেল (যে নামেই অবহিত হউক না কেন) প্রাপ্য হবেন না।”

বর্ণিত সর্বশেষ জনবল কাঠামো (১৯ জুলাই, ২০১৮ সালে প্রনীত) এর ১১.৫ অনুচ্ছেদের বক্তব্য মোতাবেক জনাব মোঃ রেজাউল ইসলাম খন্দকার চাকুরীকাল ১৬ বছর পূর্ণ হওয়ায় ২য় টাইম স্কেল তথা বর্তমানে ৯ কোডে বেতন-ভাতা প্রাপ্য মর্মে প্রতীয়মান হয়।

১০. উপরিউক্ত বর্ণনার আলোকে জনাব মোঃ রেজাউল ইসলাম খন্দকার (ইনডেক্স নং-৬৮৩৭১২) ২য় টাইম স্কেল প্রাপ্য।

১৩. এমতাবস্থায় গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন গাইবান্ধা সিদ্দিকিয়া ফাযিল মাদরাসার গ্রন্থাগারিক জনাব মোঃ রেজাউল ইসলাম খন্দকার (ইনডেক্স নং-৬৮৩৭১) কে সর্বশেষ জনবল কাঠামো (১৯ জুলাই, ২০১৮ সালে প্রনীত) এর ১১.৫ অনুচ্ছেদ মোতাবেক তাঁর প্রাপ্য বেতন কোডে বেতন-ভাতা প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২০-১-২০ ১৯

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রংপুর
অঞ্চল

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০৮.১৮.৬৫২/১

তারিখ: ৮ মাঘ ১৪২৫
২১ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা শিক্ষা আফিসার, গাইবান্ধা।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
- ৪) অফিস, কপি



২০-১-২০ ১৯

মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক